**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহানগর দায়রা জজ-এর কার্যালয়
চট্টগ্রাম।
http://metrochittagong.judiciary.org.bd

স্মারক নং-৩৯ প্রঃ/বিঃ তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাননীয় মহানগর দায়রা জজ মহোদয়ের প্রশাসনিক আদেশ নং-০৫ প্রঃ/বিঃ তারিখ-০৬/০২/২০১৮ ইং মোতাবেক নিম্ন বর্ণিত শূন্য পদ পূরণ করার নিমিত্ত নিম্ন বর্ণিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | এম.এল.এস.এস (অফিস সহায়ক) | ০১ | ৮২৫০-২০০১০/- | অষ্টম শ্রেণী |

১। প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ পাতার চাকরির আবেদন ফরম অত্র মহানগর দায়রা জজ আদালতের ওয়েব সাইট http://metrochittagong.judiciary.org.bd হইতে ডাউনলোড করে অথবা অনুরূপ ফরম স্বহস্তে পূরণপূর্বক আবেদনপত্রসহ চেয়ারম্যান, বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ৪র্থ আদালত, চট্টগ্রাম বরাবর আগামী ২০/০২/২০১৮ ইং তারিখে ডাকযোগে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। এ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। ২০/০২/২০১৮ ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে তার বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রের সঙ্গে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ–

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) প্রার্থীর স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) প্রার্থীর বয়স প্রমানের জন্য যথাযথ সনদপত্র/জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(ছ) চেয়ারম্যান, বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ৪র্থ আদালত, চট্টগ্রাম এর অনুকুলে ৫০/=টাকার পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।
(জ) নিয়োগ প্রক্রিয়ায় পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য যোগ্যতা নিরূপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালা প্রযোজ্য হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে।
৫। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল যোগ্যতার মূল সনদ উপস্থাপন করতে হবে।
৬। আবেদনপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
৭। ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি সাইজের অপর একটি খামের প্রাপক অংশে প্রার্থীর ডাক ঠিকানা লিপিবদ্ধ করে ১২/= টাকার অব্যবহৃত ডাক টিকেট আঠা দ্বারা সংযুক্ত করে খামটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।
৮। বাছাইয়ের পর বৈধ প্রার্থীর প্রতি পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্বলিত প্রবেশপত্র রেজিস্ট্রার্ড ডাকযোগে প্রেরণ করা হবে।
০৯। সরকার কর্তৃক জারীকৃত বিধি অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষন করা হবে।
১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১১। নিয়োগ পরীক্ষায় উপস্থিতির জন্য কোন দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
১২। কর্তৃপক্ষ পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
০৬/০২/২০১৮
(মোঃ নুরুল ইসলাম)
অতিরিক্ত মহানগর দায়রা জজ, ৪র্থ আদালত
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চট্টগ্রাম।